

~~১৫/০৩/০১~~

তারিখ
কক্ষ কলাম

দৈনিক জনকণ্ঠ

এসএসসি পরীক্ষার্থী এবার ৮

লাখ ৮৪ হাজার ১১ নকল

রোধে ব্যাপক প্রচারাভিযান

শরিফুল্লাহমান পিকু

আসন্ন এসএসসি পরীক্ষায় নকল ও সহিংসতা রোধে সাতটি শিক্ষা বোর্ডের মোটিভেশন কর্মসূচী অতীতের সব রেকর্ড ভঙ্গ করেছে। আগামী ১৫ মার্চ থেকে অনুষ্ঠিতব্য সর্ববৃহৎ এই পাবলিক পরীক্ষায় সারা

৮৪ হাজার ১১' ৫৫ ছাত্রছাত্রী অংশ নেবে। নকল প্রতিরোধে প্রতিবছরের মতো পরীক্ষা কেন্দ্রে ১৪৪ ধারা জারি ছাড়াও পরীক্ষার্থীদের আসন বিনিময় কার্যকর করা হবে। এলাকার সার্বিক অবস্থা বিবেচনা করে স্থানীয় জেলা ও উপজেলা প্রশাসন এক কেন্দ্রের

এসএসসি পরীক্ষার্থী

(প্রথম পাতার পর)

পরীক্ষার্থীদের ত কেন্দ্রে পরীক্ষার ব্যবস্থা ইতোমধ্যে গ্রহণ করেছে। দে কেডেট কলেজ ও নামীদামী শিক্ষা প্রতিষ্ঠানে আসন বিনি করতে শিক্ষা বোর্ডগুলো আন্তরিক হলেও পরিষ্টি পর্যালোচনা করে স্থানীয় প্রশাসন এ ব্যাপারে সিদ্ধান্ত নে এসএসসি পরীক্ষায় যুগ যুগ ধরে চলে আসা পাস-ফে মেধা তালিকা, লেটার, স্টার প্রভৃতির বদলে এ বছর খেবে পরীক্ষার ফল মূল্যায়নে গ্রেডিং সিস্টেম চালু করা হচ্ছে। নকলবিরোধী সচেতনতা সৃষ্টির লক্ষ্যে এ বছর দেশের ঘ ঘরে বিভিন্ন শিক্ষা বোর্ড সংবাদ মাধ্যমে ব্যাপক প্রচারাভিয চালিয়েছে। এদিকে এসএসসি পরীক্ষা নিয়ে পরীক্ষার্থ অভিভাবক ও শিক্ষকদের উদ্বেগ-উৎকণ্ঠা বহুলাংশে কমেছে হরতাল জাতীয় কোন কঠোর কর্মসূচী মূল পরীক্ষা চল সময়ের ১২/১৩ দিনের মধ্যে থাকছে না। চারদলী বিরোধী জোটের একটি সূত্র বিষয়টি নিশ্চিত করে বলে প্রায় নয় লাখ পরীক্ষার্থীর উদ্বেগ-উৎকণ্ঠার কথা বিবেচ করে পরীক্ষা চলাকালে হরতাল আহ্বানের সম্ভাবনা খুব ক্ষীণ। বিরোধী জোটের সামনে অতিজরুরী কোন পরিস্থি না এলে হরতাল ডাকা হবে না বলে সূত্রটি জানায়। নকল ও বিশৃঙ্খলা রোধে সাতটি শিক্ষা বোর্ড স্বরণকাতে মোটিভেশন কর্মসূচী পালন করে যাচ্ছে। নকলবিরো সচেতনতা সৃষ্টির জন্য দেশজুড়ে চলছে পোস্টারিং। ঢা শিক্ষা বোর্ডের আওতাধীন এলাকায় প্রায় ২০ হাজার পোস্ট লাগানো হয়েছে। শিক্ষা বোর্ডের চেয়ারম্যান ও পরীক্ষ নিয়ন্ত্রকসহ বিভিন্ন কর্মকর্তা একেদিন একেক অঞ্চলে জে প্রশাসক, ইউএনও এবং পরীক্ষাকেন্দ্র সচিবসহ সংশ্লিষ্টে সঙ্গে সূত্র ও নকলমুক্ত পরিবেশে পরীক্ষা সম্পন্ন করার জ মতবিনিময় করছেন। ঢাকা বোর্ডের চেয়ারম্যান ডঃ এটিএ শরীফ উল্লাহ ও পরীক্ষা নিয়ন্ত্রক প্রফেসর আব্দুল হামি রবিবার বৃহত্তর ময়মনসিংহ অঞ্চলে মতবিনিময় কর্মসূচীতে অংশ নেন। আজ সোমবার তাঁরা ফরিদপুরে এ আগামীকাল মঙ্গলবার ঢাকায় স্থানীয় প্রশাসন ও পরীক্ষ সংশ্লিষ্টদের সঙ্গে মতবিনিময় করবেন। বাংলাদেশ বেতার টেলিভিশনে চলছে নকলবিরোধী প্রচারাভিযান। দেশে বিভিন্ন জাতীয় দৈনিকে পরীক্ষার্থী, শিক্ষক ও অভিভাবকদে নকল প্রতিরোধ ও নকলের বিরুদ্ধে সামাজিক আন্দোল গড়ে তোলার আহ্বান জানিয়ে বিজ্ঞাপন দেয়া হচ্ছে। জানা যায়, এসএসসি পরীক্ষার সকল প্রকৃতি শেষ হয়েছে এ বছর ১২ কর্মদিবসে লিখিত পরীক্ষা শেষ হবে। এতে পরীক্ষার্থীদের ওপর অস্বাভাবিক মানসিক ও শারীরিক চাপ পড়লেও সার্বিক অবস্থা বিবেচনা করে শিক্ষা বোর্ডগুলো এই সময়সূচী প্রণয়ন করেছে। এ বছরই প্রথম সিলেট ও বরিশা বোর্ডের অধীনে এসএসসি পরীক্ষা অনুষ্ঠিত হতে যাচ্ছে তবে এই দু'টি বোর্ডে পরীক্ষার্থীর সংখ্যা সবচেয়ে কম পুরনো পাঁচটিসহ সাতটি শিক্ষা বোর্ডে এ বছর মোট পরীক্ষার্থী ৮ লাখ ৮৪ হাজার ১১' ৫৫ জন। গত বছরের তুলনায় পরীক্ষার্থীসংখ্যা ৩৪ হাজার কম। রাজশাহী বোর্ডে সর্বোচ্চ ২ লাখ ৭৩ হাজার ৬শ' ২০ ছাত্রছাত্রী পরীক্ষায় অংশ নেবে। ঢাকা বোর্ডে মোট পরীক্ষার্থীর সংখ্যা ২ লাখ ৩৫ হাজার ৪৮। এ ছাড়া কুমিল্লা বোর্ড থেকে ১ লাখ ১২ হাজার ৫শ' ৬৩, যশোর বোর্ড থেকে ১ লাখ ২ হাজার ২শ' ৪১, সিলেট বোর্ড থেকে ২৯ হাজার ৯৯, চট্টগ্রাম বোর্ড থেকে ৭৫ হাজার ৫১ ও বরিশাল বোর্ড থেকে ৫৬ হাজার ৫শ' ৩৩ ছাত্রছাত্রী এসএসসি পরীক্ষায় অংশ নেবে। ঢাকা বোর্ডে পাঁচটি বিদেশী কেন্দ্রসহ মোট কেন্দ্রের সংখ্যা ২শ' ১৫।